**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 18-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM:1**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন দিল্লিতে প্রায় ১১ হাজার কোটি টাকার দুটি প্রধান জাতীয় মহাসড়ক প্রকল্প গতকাল উদ্বোধন করেছেন।তিনি এই উপলক্ষে 'ভোকাল ফর লোকাল'-এর উপর জোর দিয়ে ভারতে তৈরি পণ্যের উপর আস্থা রাখতে জনগনকে আহ্বান জানিয়েছেন। শ্রী মোদী বলেন, ভারতকে আরও শক্তিশালী এবং আত্মনির্ভরশীল করতে দেশবাসীকে চক্রধারী মোহনের কাছ থেকে অনুপ্রেরণা নিতে হবে। শ্রী মোদী বলেন, দ্বারকা এক্সপ্রেসওয়েয়ের দিল্লি অংশ এবং নগর সম্প্রসারণ দ্বিত্বীয় পর্যায়ের সড়ক উদ্বোধনের মাধ্যমে দিল্লী জাতীয় রাজধানী অঞ্চল জুড়ে সংযোগ ব্যবস্থা বিরাট অগ্রগতি লাভ করবে। তিনি বলেন, দিল্লি জাতীয় রাজধানী অঞ্চল-এর মানুষ এর মাধ্যমে ব্যাপকভাবে উপকৃত হবেন এবং তাদের যাতায়াতের সমযয়েও সাশ্রয় হবে ।

****************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রক্তদানের পাশাপাশি শরীরের বিভিন্ন অঙ্গদান করার ওপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল দমদমিয়া সি আর পি এফ-এর গ্রোথ সেন্টারে রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি বক্তব্য রাখছিলেন। মুখ্যমন্ত্রী 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচি সম্পর্কে বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে এই কর্মসূচি আমাদের দেশাত্মবোধে উদ্বুদ্ধ করে তুলেছে। অনুষ্ঠানে সিআরপিএফের ত্রিপুরা সেক্টরের আইজি বিমল কুমার বিস্ত, রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা: তপন মজুমদারও বক্তা হিসেবে ছিলেন |

**************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন রাজ্যের টিলা অঞ্চলের অনাবাদি ভূমিকে কাজে লাগাতে মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পে প্রশাসনিক উদ্যোগ জোরদার করা হয়েছে। সরকারের লক্ষ্য টিলা জমিতে রাবার চারা রোপণের মাধ্যমে জনজাতি পরিবারগুলিকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তোলা এবং দীর্ঘমেয়াদে গ্রামীণ অর্থনীতিকে নতুন গতি দেওয়া। গতকাল তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি ব্লকের অধীন বিভিন্ন পাহাড়ি এলাকা পরিদর্শনে গিয়ে একথা বলেন তিনি।

#####Byte-Bikash Debbarma######

এলাকার মানুষের সঙ্গে মতবিনিময় সভায় মন্ত্রী বলেন, রাবার মিশন সফলভাবে বাস্তবায়িত হলে শুধু পাহাড়ি অঞ্চলে কর্মসংস্থানই বাড়বে না, বরং অর্থনৈতিক উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হবে।

**********************

**Foreign Secy-Nepal**:

ভারত ও নেপাল সহযোগিতা ও অংশীদারিত্ব আরও গভীর করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। নেপালে দুই দিনের সরকারি সফরে থাকা বিদেশ সচিব বিক্রম মিস্রি গতকাল কাঠমান্ডুতে উচ্চ পর্যায়ের একাধিক বৈঠক করেছেন।শ্রীমিস্রি রাষ্ট্রপতির কার্যালয়ে নেপালের রাষ্ট্রপতি রামচন্দ্র পাউডেলের সাথে সাক্ষাৎ করেছেন  বিদেশ সচিব সিংহ দরবারে প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলির সাথেও সাক্ষাৎ করেছেন। শ্রী  মিস্রি নেপালের পররাষ্ট্রমন্ত্রী ডঃ আরজু রানা দেউবার সাথেও সাক্ষাৎ করেছেন এবং পারস্পরিক স্বার্থ এবং গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করেছেন| উল্লেখ্য,তিনি নেপালের বিদেশমন্ত্রীর আমন্ত্রণে দুই দিনের সফরে গতকাল কাঠমান্ডুতে পৌঁছেছেন এবং আজ  দুপুরে নয়াদিল্লিতে

ফিরে আসবেন। গত বছরের জুলাই মাসে দায়িত্ব গ্রহণের পর এটি বিক্রম মিস্রির দ্বিতীয় নেপাল সফর।

***************************

**PM Modi Welcomes Nomination**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহারাষ্ট্রের রাজ্যপাল সি.পি. রাধাকৃষ্ণণকে উপরাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে জাতীয় গণতান্ত্রিক জোট (এনডিএ)এর মনোনয়নের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। সামাজিক মাধ্যমে , শ্রী মোদী উল্লেখ করেছেন জনজীবনে তাঁর দীর্ঘ বছরগুলিতে, মিঃ রাধাকৃষ্ণণ তাঁর নিষ্ঠা, নম্রতা এবং বুদ্ধিমত্তার মাধ্যমে নিজেকে আলাদা করে তুলেছেন। প্রধানমন্ত্রী মোদী উল্লেখ করেছেন শ্রী রাধাকৃষ্ণণ তামিলনাড়ুর তৃণমূল পর্যায়ে ব্যাপক কাজ করেছেন এবং বিভিন্ন রাজ্যের সাংসদ এবং রাজ্যপাল হিসেবে তাঁর সমৃদ্ধ অভিজ্ঞতা রয়েছে।ইতিমধ্যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রী, অশ্বিনী বৈষ্ণবও এনডিএ-র উপরাষ্ট্রপতি পদপ্রার্থী মনোনীত হওয়ার জন্য মিঃ রাধাকৃষ্ণণকে অভিনন্দন জানিয়েছেন।

**********************

**REOPEN-NH-10:**

সিকিম এবং কালিম্পংকে দেশের অন্যান্য অংশের সাথে সংযুক্তকারী ১0 নম্বর জাতীয় মহাসড়কটি টানা ভূমিধসের কারণে ছয় দিন বন্ধ থাকার পর গতকাল যান চলাচলের জন্য পুনরায় খুলে দেওয়া হয়েছে। জাতীয় মহাসড়ক ও অবকাঠামো উন্নয়ন কর্পোরেশন (NHIDCL) কে রাস্তাটি পরিষ্কার করার জন্য ব্যাপক প্রয়াস চালাতে হয়েছে, বিশেষ করে **২**মাইল থেকে **৯** মাইল এলাকায়, যেখানে রাস্তার একটি অংশ তিস্তা নদীতে ভেঙে পড়েছিল। আরেকটি বড় বাধা ছিল সেলফি দারায়। এখানে বারবার ভূমিধসের কারণে সংস্কার কাজ ব্যাহত হয়। ব্যাপক ধ্বস সরানো, ঢাল স্থিতিশীলকরণ এবং রাস্তা প্রশস্তকরণের পর,

NHIDCL যানবাহন চলাচল পুনরুদ্ধার করতে সক্ষম হয়েছে, যা এই অঞ্চলে যাত্রী এবং পরিবহনকারীদের জন্য অনেক স্বস্তি এনেছে।

*********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বিক্ষিপ্তভাবে দু`এক পশলা বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে ৫ টা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১ দশমিক ৮ মিলিমিটার |

****************

*************